সংযোজনী-১

# পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

রেড ক্রিসেন্ট কনকর্ড টাওয়ার (৭ম তলা)

১৭, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

নিম্নোক্ত শ্রেণীর কর্মচারীরগণকে পার্শে বর্ণিত পোষাকাদি সরবরাহ করা হইবে।

| নং | পোষাক পাওয়ার যোগ্য কর্মচারীর পদবী | গ্রীষ্মকালীন পোষাকের ধরণ, কাপড়ের মান এবং রং | শীতকালীন পোষাকের ধরণ, কাপড়ের মান এবং রং |
|---|---|---|---|
| ০১ | গ্রীজার, ইংকম্যান, মেশিন ম্যান, আর্মেচার, ওয়াইন্ডার, এসিস্ট্যান্ট রিগার, এটেনডেন্ট (বিদ্যুৎ কেন্দ্রের মেশিন ও অন্যান্য), অগ্নিনির্বাপক এটেনডেন্ট, ব্লাক স্মীথ, বোটম্যান, বয়লার এটেনডেন্ট, ক্যাবল জয়েন্টার, কার্পেন্টার, ক্লিনার, ক্রেন অপারেটর, ডিজেল প্লান্ট অপারেটর, ড্রিলম্যান, ইলেকট্রিক্যাল ফিটার, ইলেকট্রিশিয়ান, ইঞ্জিন ড্রাইভার, ইকুইপমেন্ট অপারেটর, ফিটার, ফোরম্যান, গ্যাং লিডার, হেলপার, ইন্সট্রুমেন্ট মেকানিক, ল্যাবরেটরী এসিস্ট্যান্ট, লাইনম্যান, মেশিনিষ্ট, মেকানিক, মেশন, মোল্ডার, ওয়েলার এন্ড ক্লিনার, লিফট অপারেটর পয়েন্টার, প্লান্ট অপারেটর, প্লাম্বার, পাইপ লেন্ডার, পয়েন্টসম্যান, রি-এজেন্ট চার্জার, রিগার, স্যারাং (গ্যাং লিডার), স্যারাং হেলপার, টিন স্মীথ, টার্নার, ওয়াটার/স্যুয়ারেজ/ পাম্প ড্রাইভার, ওয়েল্ডার, ম্যাশনার, চেইনম্যান, বয়লার সুপারভাইজার, কমপ্রেইন এটেনডেন্ট, মালী/গার্ডেনার, খালাসী, লেবার, এগনিল, জমাদার, সুইপার, পেন্টম্যান, ফায়ার সুপারভাইজার, পিয়ন, বার্তাবাহক, এমএলএসএস, দপ্তরী, বাইন্ডার, ড্রাইভার, কম্পোজিটর, পাচক, বিয়ারার, বাটলার, আর্দালী, গেষ্টেটনার অপারেটর, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ইউনিট অপারেটর, স্টোর কুলি, স্টোর এটেনডেন্ট, ডিজেল সুপারভাইজার, এসিস্ট্যান্ট সুইচ বোর্ড এটেনডেন্ট, লিনিন, টিন্ডেল, ফায়ারম্যান, এমএলএসএস-কাম- গার্ড, ওয়ার্ডবয় | ক) নীল রং এর উন্নত মানের দেশী গ্যাভার্ডিন কাপড়ের ফুল প্যান্ট।<br>খ) হালকা নীল রং এর উন্নতমানের দেশী সুতী কাপড়ের ফুল হাতা সার্ট।<br>(ওয়ার্কশপ কর্মচারীদের কাজের পরিবেশ বিবেচনা করিয়া তাহাদিগকে অপেক্ষাকৃত মোটা কাপড়ের সার্ট প্রদান করা যাইবে) | নেভী ব্লু রং এর জাপান উলেন সার্জ কাপড়ের ফুল প্যান্ট ও ইংলিশ কোট। |
| ০২ | নিরাপত্তা কর্মচারী (সিকিউরিটি গার্ড, সিকিউরিটি সুপারভাইজার, চৌকিদার, দারোয়ান, সিকিউরিটি হেড গার্ড, গেইটম্যান, পেট্রোলম্যান)। | ক) খাকী রং এর উন্নত মানের দেশী গ্যাভার্ডিন কাপড়ের ফুল প্যান্ট।<br>খ) খাকী রং এর উন্নত মানের দেশী সুতী কাপড়ের ফুল হাতা সার্ট (নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর কর্তৃক নির্ধারিত নমুনানুসারে)। | নেভী ব্লু রং এর জাপান উলেন সার্জ কাপড়ের ফুল প্যান্ট ও ফুল সার্ট।<br>(নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর কর্তৃক নির্ধারিত নমুনানুসারে)। |
| ০৩ | ফার্মাসিষ্ট, কম্পাউন্ডার, মেডিক্যাল এসিস্ট্যান্ট, নার্সিং এটেনডেন্ট সিঃ স্টাফ নার্স, জুনিঃ স্টাফ নার্স, সেবিকা, স্যানিটারি মেকানিক, মেডিক্যাল এটেনডেন্ট। | সাদা রং এর উন্নতমানের দেশী সুতী কাপড়ের এপ্রোন (সরকারী হাসপাতালে সরবরাহকৃত পোষাকের অনুরূপ)। | --------------- |
| | মহিলা কর্মচারী | | |
| ০৪ | পিয়ন, এমএলএসএস, আয়া, ধুপী, গ্যাঙ্গ লিডার, সুইপার, মিডওয়াইফ। | ক) সাদা পাড়ের নেভী ব্লু রং এর উন্নতমানের দেশী সুতী শাড়ী।<br>খ) উন্নতমানের দেশী সাদা রং এর সুতীর ব্লাউজ।<br>গ) উন্নতমানের দেশী সুতী কাপড়ের কালো রংয়ের পেটি কোট। | উন্নতমানের হালকা হলুদ রং এর দেশী উলেন চাদর/ শাল |

গ্রীষ্মকালীন পোষাক প্রতি দুই বৎসরে দুই সেট এবং শীতকালীন পোষাক প্রতি ৪ বৎসরে এক সেট সরবরাহ করা হইবে। ইহা ছাড়া কারিগরী কর্মচারীদের প্রতি ১ বৎসরে এক জোড়া এবং অকারিগরী কর্মচারীদের প্রতি ৮মাসে এক জোড়া জুতা/স্যান্ডেল এবং প্রতি তিন বৎসরে একটি ছাতাও উল্লেখিত শ্রেণীর কর্মচারীদের সরবরাহ করা হইবে। গ্রীষ্মকালীন পোষাকের প্রতি সেটের মূল্য ৮১২ টাকা এবং শীতকালীন পোষাকের প্রতি সেটের মূল্য ১৫০০ টাকায় করা হইল। একজোড়া জুতা ও স্যান্ডেলের (মহিলা কর্মচারীদের জন্য) নির্ধারিত মূল্য যথাক্রমে ৪৯৫ এবং ২৫০ টাকায় নির্ধারণ করা হইল। প্রতি ছাতার নির্ধারিত মূল্য ১৪০ টাকা হইবে।

(MOHAMMED SALIM)
Company Secretary
Power Grid Company of Bangladesh Ltd
Dhaka.

পঠিত ও স্বাক্ষরিত

সরবরাহ করা যায়। ইহাতে বিউবোর্ড হইতে আগত কর্মচারীদেরকে পোশাক সুবিধা প্রদানের ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হইবে।

বিষয়টি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

**আলোচনা ঃ** কোম্পানীর পরিচালক (অর্থ) বিষয়টি উপস্থাপন করেন। তিনি জানান যে, বিউবো'র নীতিমালা অনুসারে বর্ণিত শ্রেণীর কর্মচারীগণকে গ্রীষ্মকালীন ও শীতকালীন পোষাক সরবরাহ করার নিয়ম রহিয়াছে। গত ১৫-০৯-২০০১ ইং তারিখে বিউবো'র ৯ (নয়)টি দপ্তরের মোট ৩৬৪ জন কর্মচারীকে লিয়েনে পিজিসিবি'তে ন্যস্ত করা হইয়াছে। বিউবো'র নীতি অনুসরণ করিয়া পিজিসিবি'তেও একই শ্রেণীর সমতুল্য কর্মচারীগণকে পোষাক পরিচ্ছদ সরবরাহ করা প্রয়োজন। পর্যদ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করেন। যেহেতু বিউবো'তে বর্ণিত শ্রেণীর কর্মচারীগণ বিউবো'র চাকুরীর নীতিমালায় আলোচ্য পোষাক পরিচ্ছদ পাইয়া থাকেন সেহেতু পিজিসিবি'তেও একই শ্রেণীর সমতুল্য পদবীর কর্মচারীগণকে প্রস্তাবিত গ্রীষ্মকালীন ও শীতকালীন পোষাক সরবরাহ করা যাইতে পারে মর্মে পর্যদ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** সংযোজনী-১ এ বর্ণিত শ্রেণীর কর্মচারীদের পিজিসিবি'তে উহার সমতুল্য পদবীতে ন্যস্ত / কর্মরত নিয়মিত কর্মচারীদের উক্ত সংযোজনীতে বর্ণিত নীতিমালা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ সরবরাহের অনুমোদন দেওয়া হইল।

**আলোচ্যসূচি-৭ঃ** কোম্পানীর কর্মচারীগণকে অধিকাল ভাতা (ওভার টাইম) প্রদান অনুমোদন।

**সারসংক্ষেপ ঃ** সম্প্রতি বিউবোর দপ্তরাদেশ নং ৪১০-বিউবো(কর্ম)/১৫/বিবিধ-১৫৭/২০০১ তারিখ ১২/০৯/২০০১ইং মাধ্যমে পিজিসিবিতে মোট ৩৬৪ জন কর্মচারীকে লিয়েনে ন্যস্ত করা হইয়াছে। তাহারা গ্রীড সংরক্ষণ, সিষ্টেম প্রটেকশন ও টেলিকম বিভাগে নিয়োজিত আছেন। ফলে অনেক সময় কোন কোন কর্মচারীকে নির্ধারিত কার্যকালের অতিরিক্ত সময় কাজ করিতে হয়। যাহার জন্য বিউবোতে তাহারা অধিকাল ভাতা পাইয়া থাকেন। উল্লেখিত কর্মচারীগণ পিজিসিবিতে হস্তান্তরের প্রেক্ষিতে অধিকাল কাজের প্রয়োজন হইলে চাকুরীবিধি মোতাবেক তাহাদের অধিকাল ভাতা প্রদেয় হইবে।

কোম্পানীর চাকুরী বিধি ২৮-এ উক্ত ভাতা প্রদানের জন্য নিম্নরূপ বিধান রহিয়াছে ঃ

"**Overtime allowance.-** Overtime allowance for extra hours of work shall be allowed by the controlling officer at such rates as may be prescribed by the Company Board to the employees when required to work beyond the normal working hours in operation, maintenance and repairing of transmission lines, sub-stations and other allied installations as well as other works connected with them. The total overtime working hours shall not exceed eight hours in a week; this limit may be relaxed in case of emergency with the consent of concerned General Manager. No overtime allowance will be allowed, if an employee draws Travelling /Daily Allowance for the same period."

উক্ত বিষয়ে ভাতা প্রদানের ক্ষেত্রে উহার হার পরিচালক পর্যদ কর্তৃক নির্ধারণ করা হইবে বলিয়া উল্লেখ আছে। কারখানা আইন ১৯৬৫ এর ৫৮ ধারা এবং দোকান ও প্রতিষ্ঠান

( MOHAMMED SALIM )
Company Secretary
Power Grid Company of Bangladesh Ltd.
Dhaka.

আইন ১৯৬৫ এর ৯ ধারায় এই ভাতা, মূল বেতনের দ্বিগুণ হারে প্রদানের বিধান রহিয়াছে। কোম্পানীতে শ্রমিক আইনের উক্ত বিধান অনুসরণ করা যায়। সেই মোতাবেক নীচের সূত্র অনুসারে ভাতা পরিশোধের ব্যবস্থা নেওয়া যাইতে পারেঃ

মূল বেতন × ২ × মাসিক অতিরিক্ত কাজের ঘন্টা
মসিক নির্ধারিত কাজের ঘন্টা (২০৮ ঘন্টা)

আলোচ্য অধিকাল ভাতা প্রদান ১৫-০৯-২০০১ইং তারিখ হইতে কার্যকর করা যাইতে পারে।

বিষয়টি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

আলোচনা ঃ কোম্পানীর পরিচালক (অর্থ) বিষয়টি উপস্থাপন করেন। তিনি জানান যে, সম্প্রতি বিউবো হইতে পিজিসিবি'তে ৯ (নয়) টি অফিস হস্তান্তর করা হইয়াছে। বর্ণিত অফিস সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীকে পিজিসিবি'তে ১ (এক) বৎসরের লিয়েনে ন্যস্ত করা হইয়াছে। বিউবো'তে কর্মকালীন থাকা অবস্থায় কর্মচারীগণ নির্ধারিত হারে অতিরিক্ত কাজ করিলে অধিকাল ভাতা পাইতেন। ফলে কর্মচারীগণ পিজিসিবি'তে হস্তান্তরের প্রেক্ষিতে অতিরিক্ত কাজের প্রয়োজন হইলে পিজিসিবি'র চাকুরী বিধি মোতাবেক তাহাদের অধিকাল ভাতা প্রদেয় হইবে। পর্ষদ বিষয়টির উপর বিশদভাবে আলোচনা করেন। পর্ষদ লক্ষ্য করেন যে, পিজিসিবি কর্তৃক প্রদেয় অধিকাল ভাতার নিয়মাবলীতে কোন কর্মচারীকে ভ্রমণ ভাতা / দৈনিক ভাতা প্রদান করা হইলে, তাহাকে তাঁহার অতিরিক্ত কাজের জন্য অধিকাল ভাতা প্রদান না করার শর্তাবলী রহিয়াছে। একজন সম্মানিত সদস্য জানান যে, বিউবো'র অধিকাল ভাতা প্রদান সম্পর্কিত নিয়মাবলীতে কর্মচারীকে ভ্রমণ ভাতা / দৈনিক ভাতা প্রদানসহ অতিরিক্ত কাজের জন্য নির্ধারিত হারে অধিকাল ভাতা প্রদানের নিয়ম রহিয়াছে। তিনি জানান যে, অধিকাল ভাতা দেওয়ার ব্যবস্থা না থাকিলে জরুরী লাইন মেরামত কাজের সময় কর্মচারীদের কাজে বাধ্য করা কষ্টসাধ্য হইবে। পিজিসিবি'র ক্ষেত্রেও একই নীতি গ্রহণ করা যাইতে পারে এবং পিজিসিবি'র চাকুরী বিধির ২৮ এ বর্ণিত 'Over time alowance' সম্পর্কিত নিয়মাবলীর সর্বশেষ বাক্যটি অর্থাৎ "No overtime allowance will be allowed, if an employee draws Travelling / Daily Allowance for the same period" বাদ দেওয়া যাইতে পারে মর্মে সদস্যগণ মতামত রাখেন।

সিদ্ধান্ত ঃ ১। কোম্পানীর কর্মচারীগণকে অধিকাল ভাতা (overtime) নিম্নোক্ত সূত্র অনুসারে ১৫-০৯-২০০১ ইং তারিখ হইতে কার্যকর করিয়া প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইল।

মাসিক মূল বেতন × ২ × মাসিক অতিরিক্ত কাজের ঘন্টা
মাসিক নির্ধারিত কাজের ঘন্টা (২০৮ ঘন্টা)

২। কোম্পানীর চাকুরী বিধি ২৮-এ 'Over time allowance' এ বর্ণিত Provision হইতে নিম্নবর্ণিত বাক্যটি বাদ দেওয়া হইবে - "No overtime allowance will be allowed, if an employee draws Travelling / Daily Allowance for the same period."

( MOHAMMED SALIM )
Company Secretary
Power Grid Company of Bangladesh Ltd.
Dhaka.

পঠিত ও নিশ্চিত

CONTROLLED COPY

drew on the last occasion, and he shall count for increment the period during which he drew that pay on such last and any previous occasion.

26. **Annual increment-**

(1) The annual increment in the scale of pay shall be allowed subject to fulfillment of evaluation criteria as per Appendix-1A & 1B unless it is withheld or forfeited by the Appointing authority for inefficiency or punishment.

(2) The conditions under which service counts for increment to the scale of Pay of the post held by an employee are as under :-

(a) Duty in the post;

(b) Service in another post, whether in substantive or officiating capacity or on deputation;

(c) Leave other than extraordinary leave;

(d) If an employee after officiating in a higher post is reverted to a lower post, the period of service in the higher post shall count for increments in the lower post; and

(e) When two posts are on identical scales of pay it should be held that the duties and responsibilities of the posts are not very different in nature irrespective of the fact whether the pay of the posts is borne in the regular or work-charged establishment or is paid from contingency and the duty rendered in any such post shall be allowed to count towards increment.

(3) An employee may, in the case of first appointment in recognition of special qualifications or experience, and in other cases, in recognition of outstanding performance or merit, be granted one or more advance increments in a scale of pay, by the Appointing authority.

27. **Honorarium-**

(1) The Appointing authority may grant an honorarium to an employee for work performed which is occasional in character and either so laborious or of such special merit as to justify a special reward.

(2) The Appointing authority may, on a casual or intermittent basis, and under such conditions as it may prescribe, allow any of the employees, in individual cases or class of cases, to provide service to a Government department or a semi-Government organization or any other organization at a fee prescribed by the Appointing authority for work done or service rendered by him to such department or organization. A portion of the fee as decided by the appointing authority will be paid to the concerned employee or employees.

28. **Overtime allowance-** Overtime allowance for extra hours of work shall be allowed by the controlling officer at such rates as may be prescribed by the Company Board to the employees when required to work beyond the normal working hours in operation, maintenance and repairing of transmission lines, sub-stations and other allied installations as well as other works connected with them. The total overtime working hours shall not exceed eight hours in a week; this limit may be relaxed in case of emergency with the consent of concerned General Manager.

29. **Shift duty allowance-** The employees, when required to work regularly on rotating shift, 'shall be allowed shift duty allowance at such rates as may be prescribed by the Company Board.